

বাংলা কথাসাহিত্যে
লোকায়ত ঐতিহ্যের
অনুসন্ধান

সম্পাদনা

অর্ঘ্য ব্যানার্জী

সেখ একরামুল হোসেন

অমিয়ভূষণ মজুমদারের 'মহিষ কুড়ার উপকথা' উপন্যাস

: লোকভাষাতত্ত্ব সঙ্কানে

শিবশঙ্কর মিত্রের সুন্দরবন কেন্দ্রিক উপন্যাস : লোকায়ত পাঠ ৩৪৯ আতোয়ার হোসেন

তারশঙ্করের উপন্যাসে লোকায়ত উপাদান ৩৫৯ দুর্লভ শীল

বাংলা উপন্যাসে প্রবাদের খোঁজে : একটি পর্যালোচনা ৩৬৭ তিতলী ব্যানার্জী

'নাগিনী কন্যার কাহিনী' উপন্যাসে লোকায়ত ৩৭৭ বিপুল পাল

চিত্র ৩৮৮ নূপুর দাস

নদীকেন্দ্রিক বাংলা উপন্যাসে লোকায়ত উপাদানের

শৈল্পিক রূপের আলোকে 'তিতাস একটি নদীর নাম' ৩৯৮ কালিদাস পাল

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আরণ্যক' উপন্যাস :

লোকায়ত অনুসঙ্গ ৪০৯ সুভাষ মাহাতো

কথাসাহিত্যিক দেবেশ রায়ের উপন্যাসে ('মফস্বলি বৃত্তান্ত'

ও 'তিস্তা পারের বৃত্তান্ত') লোকায়ত উপাদান অনুসন্ধান ৪১৭ দিপা দেবনাথ

শরৎচন্দ্রের 'পল্লীসমাজ' : লোকায়ত জীবনের ভিন্ন সুর ৪২৫ পবিত্র বিশ্বাস

লোকায়ত জীবন প্রসঙ্গ ও প্রেক্ষিত : 'গড় শ্রীখণ্ড' উপন্যাস ৪৩২ তপন সরকার

গোপীনাথ মাহান্তির 'দাদিবুঢ়া' উপন্যাসে লোকায়ত

জীবনের চালচিত্র ৪৩৮ সাইমা জাহান

লোকসংস্কৃতির খোঁজে 'কবি'র ঠিকানায় ৪৪৫ শুভাশিস দাস

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আরণ্যক' : প্রেক্ষিত

লোকায়ত জীবন ভাবনা ৪৫২ বিভীষণ বর্মন

আদিত্য মুখোপাধ্যায়ের উপন্যাস 'আরশি নগরে' বাউল

কথার অন্তরে লোকায়ত উপাদানের বহুমুখী বিস্তার ৪৫৮ নাসরিন খাতুন

মহাশ্বেতা দেবীর 'অরণ্যের অধিকার' : প্রসঙ্গ লোকায়ত জীবন ৪৬৫ বিজয় হাঁসদা

তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'কবি' : লোকায়ত

জীবনের শিল্পভাষ্য ৪৭২ সেখ আসিক ইকবাল
হোসেন

মহাশ্বেতা দেবীর 'শালগিরার ডাকে' : প্রসঙ্গ

লোকায়ত জীবন ৪৭৮ রোহিত কোলে

দ্বিতীয় পর্ব : ছোটগল্প

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের ছোটগল্পে লোকজ উপাদান ও

তার স্বরূপ সন্ধান ৪৮৭ বিকাশ রায়

সৈয়দ মুস্তাফা সিরাজের ছোটগল্পে লোকায়ত আবহে

সম্প্রীতির চালচিত্র ৫২০ আব্দুর রহিম গাজী

বাংলা উপন্যাসে প্রবাদের খোঁজে : একটি পর্যালোচনা বিপুল পাল

ইংরেজিতে যে 'Proverb' শব্দটি আছে, বাংলায় আমরা তাকেই বলি প্রবাদ। 'proverb' শব্দটির বাংলা প্রতিশব্দ রূপে 'প্রবাদ' শব্দের প্রথম ব্যবহার পাই জেমস লঙের মাধ্যমে। তদবধি আমরা 'Proverb' বলতে 'প্রবাদ' শব্দটিকেই বুঝে থাকি। একটি স্পেনীয় সংজ্ঞায় বলা হয়েছে, 'A proverb is a short sentence, based on long experience,'- অর্থাৎ দীর্ঘদিনের অভিজ্ঞতাকে যখন মানুষ স্বল্পতম বাক্যে প্রকাশ করে তখন তা হয়ে ওঠে প্রবাদ।

আরেকটি সংজ্ঞায় বলা হয়েছে 'proverb are the Wisdom of the ages' এটি একটি জার্মান দেশীয় প্রবাদ বলা হয়েছে। প্রবাদের মাধ্যমে যে অভিজ্ঞতা পরিবেশিত হয় তা দীর্ঘদিনের। অর্থাৎ বহুজনের বহুদিনের লব্ধ অভিজ্ঞতার কথাই প্রবাদে বলা হয়ে থাকে।

প্রবাদের মূল আকর্ষণ-প্রকাশিত হয় সমৃদ্ধ অভিজ্ঞতা। পাঠক বা শ্রোতা তার ব্যক্তি জীবনের অভিজ্ঞতার কথা সে ঠিকমত প্রকাশ করে উঠতে পারছিল না, প্রবাদে তাকেই ব্যক্ত হতে দেখে সে প্রবাদকেই তার বক্তব্য হিসাবে গ্রহণ করে নেয়। প্রবাদ হয়ে ওঠে তার মুখ পাত্রস্বরূপ। প্রবাদের এই সর্বজনগ্রাহ্যতা প্রবাদের একটা বড় বৈশিষ্ট্য। প্রবাদের বাচনিক অর্থই সব নয়, তার অভিলষিত অর্থই প্রধান। ব্যঙ্গার্থই আসল। প্রবাদের সরল অনাড়ম্বর, প্রকাশভঙ্গির জন্যই এর এত কদর। সহজবোধ্যতা ও সারল্য সাধারণ মানুষ প্রবাদকে তার প্রাত্যহিক জীবনে গ্রহণে অনুপ্রাণিত করেছে।

প্রবাদগুলি যেমন সংক্ষিপ্ত হয় তেমনি এর উপস্থাপনার মধ্যেও থাকে একটা চমৎকারিত্ব। যেখানে 'শব্দের স্বল্পতা' এবং 'অর্থের আধিক্য' প্রাধান্য পায়। প্রবাদের সার্থকতা এখানে যে প্রবাদে যা বলা হয় তা এত সুজ্ঞাত এবং সুসংগত যে তৎক্ষণাৎ তার প্রায়োগের অভিপ্রায় জাগে। এই চুম্বকধর্মিতার জন্যই প্রবাদের প্রয়োগ ও প্রচলন এত বেশী। প্রবাদ যে কত বিচিত্র ধরনের হয়, তার গতিবিধি যে কত অবাধ তা প্রবাদগুলির দিকে দৃষ্টি দিলেই বোঝা যায়। প্রবাদের মধ্যে বিদ্রুপ নয়, বরং উপদেশ থাকে। প্রবাদের মধ্যে ধরা পড়ে নানা সামাজিক সমস্যার কথা। প্রবাদের মধ্যে থাকে একটা চিরন্তনতা।

প্রবাদ বাংলা ভাষার তথা সাহিত্যের এক মূল্যবান সম্পদ। একটা জাতির মনস্তত্ত্ব নৃতত্ত্ব, ইতিহাস ইত্যাদি নির্ণয়ে প্রবাদের প্রয়োজনীয়তা অপরিসীম। অর্থাৎ প্রবাদের সংগ্রহ বিশ্লেষণ, অনুসন্ধান ও চর্চা আজকের দিনে যে অত্যন্ত প্রসঙ্গিক, সে বিষয়ে কোন দ্বিমত থাকতে পারে না।

সাহিত্য জীবন নির্ভর আর প্রবাদ জীবনসম্ভূত, তাই সাহিত্যের সব শাখাতেই প্রবাদের অনায়াস স্বাচ্ছন্দ্য লক্ষ্য করা যায়। প্রাচীন বৈদিক যুগ থেকে আরম্ভ করে আজ অবধি সাহিত্যে প্রবাদের অবাধ বিচরণ। সংস্কৃত সাহিত্যে কালিদাস-ভাসের কাব্যে প্রবাদ তৎকালীন